

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



Web- www.rajshahieducationboard.gov.bd


স্মারক নং: ০৭/কনি-০০২/২২

তারিখ: ২২/০২/২৩

বিষয়: ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের বোর্ড কর্তৃক প্রেরিত তালিকা ডাউনলোড ও ভর্তির সময় মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা না নেয়া প্রসঙ্গে।

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কলেজ ভিত্তিক তালিকা আগামী ২১/০১/২০২৩ তারিখ একাদশ শ্রেণিতে ভর্তির ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd এর (College Login) প্যানেলে (কলেজের ইআইআইএন ও পার্সওয়ার্ড দিয়ে) লগইন করে ডাউনলোড করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বোর্ড কর্তৃক অনলাইনে প্রদানকৃত শিক্ষার্থীদের তালিকা অনুযায়ী ভর্তি করতে হবে। উক্ত তালিকা বর্হিভূত কোন শিক্ষার্থীকে ভর্তি করা যাবে না।

কলেজ ভর্তির সময় শিক্ষার্থীর এসএসসি পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা না নিয়ে একাডেমিক ট্রান্সক্রিপ্টের অনলাইন কপি জমা নিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনে শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার মূল এডমিট কার্ড ও রেজিস্ট্রেশন কার্ড জমা নেয়া যাবে তবে শিক্ষার্থী পরবর্তীতে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা প্রদান করলে মূল এডমিট কার্ড ও রেজিস্ট্রেশন কার্ড ফেরত প্রদান করতে হবে।


প্রফেসর মো: হাবিবুর রহমান

চেয়ারম্যান

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক

উচ্চমাধ্যমিক পর্যায়ের সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী